গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন"

সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোঃ মশিউর রহমান এনডিসি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সভার তারিখ ও সময়	:	১০/১০/২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা), বাংলাদেশ সচিবালয়

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **"পরিশিষ্ট-ক"** সদয় দ্রষ্টব্য।

০২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) সভার প্রারম্ভে গত ২০/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অত:পর আলোচ্যসূচির আলোকে পর্যায়ক্রমে তথ্যাদি ও আলেচনা সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মামলা/রিট পিটিশন	উপসচিব (আইন) মামলার তালিকা এ বিভাগে নিয়োজিত ২ জন প্যানেল আইনজীবির মাঝে ভাগ করে দেওয়ার প্রস্তাব সভায় উপস্থাপন করেন। অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান) মহোদয় মতামত দেন যে, প্রতিটি মামলার গুরুত্ব বিবেচনাক্রমে প্যানেল আইনজীবিকে দায়িত্ব প্রদান করা প্রয়োজন। উপসচিব (প্রশাসন) জানান নির্ধারিত ছকে সমবায় অধিদপ্তর ও পিডিবিএফ থেকে তথ্য পাওয়া গিয়েছে। অন্য সংস্থা/দপ্তরসমূহ হতে নির্ধারিত ছকে যথাযথভাবে মামলার তথ্য না পাওয়ায় তথ্য বিশ্লেষনে জটিলতা দেখা দিচ্ছে। গত মাসের মামলার তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, কোন মামলা নিষ্পত্তি হয়নি। সভাপতি নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর ও ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ-কে ধন্যবাদ জানান এবং মামলা নিষ্পত্তির বিষয়ে তৎপর থাকার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানকে অনুরোধ জানান। এছাড়া মামলা বিষয়ে প্রতি তিন মাসে একটি বিশেষ সভা করার নির্দেশনা প্রদান করেন। অনুবিভাগ প্রধানগণ মামলা বিষয়ে প্রতি মাসে একটি সভা করতে পারেন।	**(ক)** এ বিভাগের প্রতিটি মামলার গুরুত্ব বিবেচনাক্রমে প্যানেল আইনজীবিকে দায়িত্ব প্রদান করতে হবে। **(খ)** আদালত অবমাননা মামলার বিষয়ে এ বিভাগের প্যানেল আইনজীবীর সাথে যোগাযোগ করে যথাযথ আইনানুগ কার্যক্রম গ্রহণসহ এ্যার্টনী জেনারেল এর দপ্তরে নিয়মিত যোগাযোগ/ তদারকি কার্যক্রম জোরদার করতে হবে এবং মামলার ক্ষেত্রে এক দপ্তর/সংস্থার সাথে অন্য দপ্তর/সংস্থার সংশ্লিষ্টতার বিষয়টি পরস্পরকে অবহিত করতে হবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
		সমবায় অধিদপ্তর: নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর সভাকে জানান, রিট পিটিশন মামলাসমূহ নিষ্পত্তির জন্য তদারকি জোরদার করা হয়েছে। আইন শাখা হতে নিয়মিত প্যানেল আইনজীবীদের সাথে যোগাযোগ রক্ষা করা হয়। পাশাপাশি বিজ্ঞ আদালত কর্তৃক প্রকাশিত ডেইলি কজলিস্ট দেখে মামলার তদারকি করা হয়।	**(গ)** দপ্তর/সংস্থা সমূহের কনটেম্পট মামলা ও রিট মামলা সহ চলমান সকল মামলার বিষয়ে নিষ্পত্তির বিষয়ে দ্রুত কার্যকর উদ্যোগ/ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তদারকি জোরদার করতে হবে এবং এ বিভাগে অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এবং আইন শাখা, এ বিভাগ
		বিআরডিবি: মহাপরিচালক, বিআরডিবি সভাকে জানান, আদালত অবমাননা মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিআরডিবি'র বিজ্ঞ আইন উপদেষ্টার সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষাসহ অপেক্ষমান মামলাগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে চেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে মাননীয় আদালত ও আইন উপদেষ্টা, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তর ও এ্যার্টনী জেনারেল মহোদয়ের দপ্তরে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে এবং চাহিত তথ্য সরবরাহ করা হচ্ছে। প্রয়োজনীয় ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার সাথে সংশ্লিষ্ট বিষয়ে পরস্পরকে অবহিত করা হচ্ছে। **আরডিএ, বগুড়াঃ** মহাপরিচালক, আরডিএ সভাকে জানান, আদালতে বিচারাধীন থাকা ০২টি কনটেম্পন্ট মামলায় আরডিএ, কর্তৃপক্ষ আছে যথা- **(১)** কনটেম্পট মামলা নম্বর ১৫৭/২০১৭ এর উপর মহামান্য হাইকোর্ট থেকে নোটিশ (রুল নিশি) পাওয়ার পর আইনজীবী নিয়োগ করে তার মাধ্যমে ০৯/০৭/২০১৭ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র জবাব দাখিল করা হয়েছে। শুনানীর জন্য ধার্য তারিখগুলোতে নিয়োজিত আইনজীবী হাজিরা প্রদানসহ শুনানীতে অংশগ্রহণ করেছেন। এ মামলার সর্বশেষ ১২/০৩/২০১৯ তারিখে শুনানী হয়েছে, বিবাদীগণকে ব্যক্তিগত হাজিরা থেকে অব্যাহতি দেয়া হয়েছে এবং পরবর্তীতে মূল কনটেম্পট মামলার শুনানী হবে মর্মে নির্দেশনা দিয়েছে। উল্লেখ্য যে, এ মামলার বাদিগণকে ইতোমেধ্যে সমবায় অধিদপ্তরে আত্মীকরণ করা হয়েছে।		

(280)

ক্রম নং	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকা
		(২) কনটেম্পট মামলা নম্বর ৩৬৩/২০১৯ এর উপর মহামান্য হাইকোর্ট থেকে নোটিশ (রুল নিশি) পাওয়ার পর আইনজীবী নিয়োগ করে তার মাধ্যমে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র জবাব দাখিলের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ মামলায় বাদীগণ সিভিডিপি (৩য় পর্যায়) প্রকল্পের নিয়োগের উপর নিষেধাজ্ঞা চেয়েছিলেন, কিন্তু আদালত তাদের প্রার্থনা মঞ্জুর করেননি। কনটেম্পট মামলা ও রীট মামলার বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কনটেম্পট মামলা/রীট মামলার বর্তমান অবস্থা সম্পর্কে নিয়োজিত আইনজীবীর মাধ্যমে নিয়মিতভাবে খোঁজ-খবর নিচ্ছেন এবং অন্যান্য দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত রেখেছেন।		
		বাপার্ড, গোপালগঞ্জ : মহাপরিচালক, বাপার্ড, গোপালগঞ্জ সভাকে জানান, মহামান্য হাইকোর্টে বাপার্ডের তিন'টি রীট মামলা রয়েছে। **(১)** রীট নং-১০৮৪১/২০১৬। উক্ত রীট পিটিশন বিষয় গত ২২/০৯/২০২১ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ০১ জন ৪র্থ শ্রেণির কর্মচারীর আত্মীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তী প্রক্রিয়া চলমান। **(২)** রীট নং-২১১৩/২০১০। উক্ত রীট পিটিশন বিষয় গত ২২/০৯/২০২১ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ০৩ জন কর্মকর্তা ও ০১ জন কর্মচারীর আত্মীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তী প্রক্রিয়া চলমান। **(৩)** রীট নং ৫৯০৫/২০১৯। উক্ত রীট পিটিশনের মহামান্য হাইকোর্টের রুলনিশি পরবর্তী আইনানুগ প্রক্রিয়া চলমান।		
		এসএফডিএফ: ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ সভাকে জানান , রীট পিটিশন মামলার শুনানীর তারিখ পাওয়া যায়নি; এ বিষয়ে আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এ বিভাগে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।		
		পিডিবিএফ: ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ সভাকে জানান, পিডিবিএফ-এর সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত চলমান কনটেম্পট (Contempt) মামলার সংখ্যা ০৩টি; তন্মধ্যে সাবেক ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মদন মোহন সাহা কর্তৃক দায়েরকৃত ২টি কনটেম্পট (Contempt) মামলা এবং প্রাক্তন উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জনাব জাহাঙ্গীর আলম কর্তৃক দায়েরকৃত ১টি কনটেম্পট (Contempt) মামলাসহ মোট ৩টি কনটেম্পট (Contempt) মামলা চলমান রয়েছে। সাবেক ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মদন মোহন সাহা তার চাকুরিচ্যুতির কারণে পিডিবিএফ পরিচালনা পর্ষদের প্রাক্তন সভাপতি ও সচিব মহোদয়ের নামে কনটেম্পট মামলা নং ৬৫৬/১৯ এবং পরিচালনা পর্ষদের প্রাক্তন সভাপতি ও সচিব মহোদয়সহ পরিচালনা পর্ষদের তৎকালীন সকল সদস্যদের নামে কনটেম্পট মামলা নং ৫২৩/১৯ দায়ের করেন। তাঁর দায়েরকৃত কনটেম্পট মামলা নং ৬৫৬/১৯, আদালত কর্তৃক রুলনিশি জারি করা হয়েছে এবং কনটেম্পট মামলা নং ৫২৩/১৯, তাঁর কর্তৃক মুভ করা হয়নি। এছাড়া, প্রাক্তন উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জনাব জাহাঙ্গীর আলম তাঁর পাওনাদি টাকা'র জন্য কনটেম্পট মামলা নং ৫৮৫/২০১৮ দায়ের করেন; তার পাওনাদি পরিশোধ করা হয়েছে। তিনি উক্ত পাওনাদি টাকার সুদের অর্থের দাবি করেছেন। সাকুল্য টাকা পরিশোধের ব্যাপারে আদালত-কে অবহিত করা হবে।		
২.	অডিট আপত্তি	**<u>সমবায় অধিদপ্তরঃ</u>** নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর সভাকে জানান যে, **i)** স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.২১.০০০০.০০৯.০৬.০০১.২০-১০১; তারিখ: ১৪/০৯/২০২১খ্রি: মূলে প্রাপ্ত পত্রের আলোকে ২০১৮-২০১৯ অর্থ বছরের সমবায় অধিদপ্তর এবং এর আওতাধীন দপ্তর সমূহের মোট ২৪টি আপত্তি নিষ্পত্তি করা হয়। জড়িত টাকার পরিমান ২২,৬৯,৯২৩/-টাকা। **ii)** বিগত ৩১/০৩/২০২১ তারিখে সমবায় অধিদপ্তর, সদর কার্যালয়ে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের প্রতিনিধিদের উপস্থিতিতে একটি দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১২-২০১৮ নিরীক্ষা বর্ষ পর্যন্ত সমবায় অধিদপ্তর, সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ১০টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে সুপারিশ করা হয় এবং বিগত ২৮/০৬/২০২১ তারিখে সমবায় অধিদপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের প্রতিনিধিদের উপস্থিতিতে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সমবায় অধিদপ্তর, সদর কার্যালয়ের ০৯টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে সুপারিশ পাওয়া যায়। সুপারিশকৃত আপত্তি সমূহের ছাড়পত্র পাওয়া গেলে পরবর্তীতে তা প্রমাণকসহ উপস্থাপন করা হবে।	**(ক)** অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নিয়মিত দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভা আয়োজন করে অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচি (প্রশাসন ও বাজেট)/ বাজে শাখা-১, এ বিভাগ

(২৭২)

ক্রঃ নং	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		বিআরডিবিঃ মহাপরিচালক, বিআরডিবি সভাকে জানান যে, **i)** সেপ্টেম্বর ২০২১ মাসে অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি ছিল ৪৫টি। তন্মধ্যে সদর দপ্তরের ০১ টি আপত্তি পিএ কমিটিতে অন্তর্ভুক্ত থাকায় এখান থেকে বাদ দেয় হয়েছে। বর্তমানে অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির সংখ্যা ৪৪টি (জেলা দপ্তরের ২৬টি ও সদর দপ্তরের ১৮টি)। জড়িত টাকার পরিমাণ ৪০,৫৪,২৬,৩২৭/-। বিগত ৩০/০৬/২০২১ তারিখে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর এবং বিআরডিবি'র মধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ৩৩টি সাধারণ অনুচ্ছেদের কার্যবিবরণী স্মারক নং-৮৬৯৪, তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২১ মূলে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সদর দপ্তরের ৫টি, জেলা দপ্তরের ৭টি ও এবাএখার ৫টি অগ্রিম অনুচ্ছেদ সমূহ নিয়ে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে কার্যপত্র সংগ্রহ করা হয়েছে। **ii)** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং- (অংশ-১) ১২৭, তারিখ: ২০/০৯/২০২১ খ্রি. মূলে প্রাপ্ত পত্র মোতাবেক বিআরডিবি সদর দপ্তরের স্মারক নং-৮৮০১, তারিখ: ২২/০৯/২০২১ খ্রি. মূলে প্রতিবেদনসহ প্রেরণ করা হয়েছে। **iii)** সরকারি হিসাব-সম্পর্কিত স্থায়ী কমিটির অডিট রিপোর্টভুক্ত আপত্তিসমূহ পূর্বে দেখানো হয়নি। রিপোর্টভূক্ত অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির সংখ্যা ০৮টি। জড়িত টাকার পরিমাণ ১,৮৭,১৯,৯৪০/-। **মিল্ক ভিটাঃ** ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা সভাকে জানান যে, আপত্তি সমূহের ব্রডশীট জবাব প্রমাণকসহ ০৮/০৯/২০২০ এ বিভাগে প্রেরণ করা হয়েছে।	**(খ)** দপ্তর/সংস্থা কর্তৃক অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আদায়কৃত অর্থের পরিমাণসহ অডিট আপত্তি নিষ্পত্তির বিস্তারিত অগ্রগতি প্রতিবেদন প্রতি সমন্বয় সভার পূর্বে নির্ধারিত তারিখে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
		উপসচিব (বাজেট) সভাকে জানান যে, বিবেচ্য মাসে সমবায় অধিদপ্তর কর্তৃক ২৪ টি, বাপার্ড কর্তৃক ১৫ টি ও মিল্ক ভিটা কর্তৃক ৫ টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে একটি বাড়ি একটি খামার প্রকল্পের অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তির সংখ্যা ০৫টি। জড়িত টাকার পরিমাণ ৪,১৫,৯৯,৮৯৪/- প্রকল্পটি বর্তমানে এ বিভাগের অন্তর্ভূক্ত নেই। উক্ত প্রকল্পটি পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর করা হয়েছে। ফলে অডিট আপত্তির জবাব দেয়া যাচ্ছে না। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মতামত দেন যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পে অডিট আপত্তি বিষয়ে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরকে পত্র দিয়ে উক্ত প্রকল্পের সকল নথিপত্র পল্লী সঞ্চয় ব্যাংকে হস্তান্তর করা হয়েছে এবং এ সংক্রান্ত পত্রাদি পল্লী সঞ্চয় ব্যাংকে প্রেরণ করতে হবে মর্মে জানাতে হবে। পত্রের অনুলিপি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও পল্লী সঞ্চয় ব্যাংকে দিতে হবে। সভাপতি নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর, মহাপরিচালক বাপার্ড ও ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ভিটা-কে অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা/উদ্যোগ গ্রহণের জন্য ধন্যবাদ জানান এবং অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অধিকতর তৎপর থাকার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানকে অনুরোধ জানান। এছাড়া অডিট বিষয়ে প্রতি তিন মাসে একটি বিশেষ সভা করার নির্দেশনা প্রদান করেন। অনুবিভাগ প্রধানগণ অডিট বিষয়ে প্রতি মাসে একটি সভা করতে পারেন।	**(গ)** তাছাড়া পিএ কমিটিতে থাকলে সেই অডিট আপত্তি বিষয়ে অধিকতর সর্বোচ্চ গুরুত্বারোপ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/ বাজেট শাখা-১, এ বিভাগ
৩.	জনবল নিয়োগ সংক্রান্ত	**এ বিভাগঃ** উপসচিব (প্রশাসন) জানান, এ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির ২৮ টি শূণ্য পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত নিয়োগ কার্যক্রমে নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করা হবে। আগামী ডিসেম্বর ২০২১ মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। **সমবায় অধিদপ্তরঃ** নিবন্ধক ও মহাপরিচালক সভাকে জানান, বিগত ২৯/০৯/২০২১ খ্রিঃ তারিখের ডিপিসি এর সভায় আগামী ১৯ ও ২৬ নভেম্বর/২০২১ মাসে ২৫০ পদের বিপরীতে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়া বর্তমানে ৩য় ও ৪র্থ শ্রেনির সরাসরি নিয়োগযোগ্য মোট শূণ্য পদের সংখ্যা নির্ধারণ করে পূর্বের ১৬০ টির সাথে সংযোজন পূর্বক ছাড়পত্র প্রদানের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয় এবং সমবায় অধিদপ্তরের ৩১টি গাড়িচালক পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য ইতোমধ্যে টেলিটকের নিকট বিজ্ঞপ্তির খসড়া কপি প্রেরণ করা হয়েছে। **ii)** নিয়োগ পরীক্ষা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণ করা হবে না। **iii)** লিখিত পরীক্ষা গ্রহণপূর্বক যথাসম্ভব দ্রুত ফলাফল প্রকাশসহ ধারাবাহিকক্রমে সাক্ষাৎকার/ ভাইভা গ্রহণ করা হবে।	**(ক)** নিয়োগ কার্যক্রমে নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে; **(খ)** সরাসরি নিয়োগযোগ্য পদগুলোর বিষয়ে টেলিটকের সাথে যোগাযোগ করে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। **(গ)** কোন পরীক্ষা আউট সোর্সিং এর মাধ্যমে পরিচালনা/সম্পাদন করা যাবে না।	সকল দপ্তর/সংস্থা এ বিভাগের শাখাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে)

(২৮)

	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		বিআরডিবিঃ মহাপরিচালক, বিআরডিবি সভাকে জানান নিয়োগের ক্ষেত্রে নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করা হবে। উল্লেখ্য, বিআরডিবি'র স্মারক নং-৭৪২৩ তারিখঃ ১০/০৮/২০২১ খ্রি. মূলে শূন্য পদ পূরণে ছাড়পত্রের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। ফলশ্রুতিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-২৩২ তারিখ: ০৮/০৯/২০২১ খ্রি. মূলে ২৯ ক্যাটাগরির ৬৫১ টি শূন্য পদে নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান করা হয়। i) বিআরডিবিতে রাজস্ব খাতে সরকারি নিয়োগের ক্ষেত্রে টেলিটকের সাথে যোগাযোগ করে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করা হবে। ii) প্রাথমিকভাবে নিয়োগের জন্য ছাড়পত্র পাওয়া গেছে। নিয়োগ পরীক্ষার সময় উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে। iii) নিয়োগ পরীক্ষাকালীন নির্দেশনা প্রতিপালন করা হবে। **আরডিএ, বগুড়াঃ** মহাপরিচালক, আরডিএ সভাকে জানান i) ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ ক্যাটাগরির ৫টি পদে স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে নিয়োগ সম্পন্ন করা হয়েছে। ii) ১ম শ্রেণির ৯টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ অন্তে প্রাপ্ত দরখাস্ত বাছাই কাজ সম্পন্ন হয়েছে এবং নিয়োগ কমিটির প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুসরণে প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। **বার্ড, কুমিল্লাঃ** মহাপরিচালক, বার্ড সভাকে জানান বার্ডের ৫১ টি শূন্য পদ নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের আবেদনপত্র টেলিটকের মাধ্যমে যাচাই-বাছাই করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।	(ঘ) একই দিনে পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফলাফল প্রকাশ এবং ধারাবাহিকক্রমে সাক্ষাৎকার/ ভাইভা সম্পাদন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা এ বিভাগের শাখাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে)
৪.	পদোন্নতি সংক্রান্ত	**এ বিভাগঃ** উপসচিব (প্রশাসন) সভাকে জানান বিগত ১ মাসে স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে এ বিভাগের ০৫ জন ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর পদোন্নতি প্রদান করা হয়েছে। **আরডিএ, বগুড়াঃ** আরডিএ'র ১ম শ্রেণির পদোন্নতিযোগ্য পদে পদোন্নতি প্রদানের বিষয়ে ডিপিসি'র সভা অনুষ্ঠানের জন্য ফিডার পদের কর্মকর্তাদের সম্বন্ধে দুদক-এর প্রতিবেদন সংগ্রহ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক সভার তারিখ ধার্যের কার্যক্রম চলমান রয়েছে। **বিআরডিবিঃ** রাজস্ব বাজেটের আওতায় সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্যতা সাপেক্ষে বিধি মোতাবেক পদোন্নতির কার্যক্রম চলমান। সর্বশেষ ০৬/০৯/২০২১ খ্রি. তারিখে ০৩ জনকে যুগ্মপরিচালক পদে ও ১৪ জনকে উপপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। উল্লেখ্য, আগামী ০৭/১০/২০২১ খ্রি. তারিখে ১নং নিয়োগ ও পদোন্নতি কমিটির সভা আহবান করা হয়েছে।	এ বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের পদোন্নতিযোগ্য শূন্য পদগুলো দ্রুত পদোন্নতি প্রদান করতে হবে।	সকল দপ্তর/সংস্থা এ বিভাগের শাখাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে)
		মিল্ক ভিটাঃ মিল্ক ইউনিয়নের গত ১২/০৮/২০২১, ১৬/০৮/২০২১ এবং ২৬/০৮/২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতি কমিটি সভায় ২৩৯ (দুইশত উনচল্লিশ) জন কর্মচারীর জন্য এবং গত ০৫/০৯/২০২১খ্রি: তারিখে অনুষ্ঠিত কর্মকর্তাদের নিয়োগ ও পদোন্নতি কমিটির সভায় ২৭ (সাতাশ) জন কর্মকর্তার পদোন্নতির জন্য সুপারিশ প্রদান করেন। যা গত ০৭/০৯/২০২১ তারিখের ব্যবস্থাপনা কমিটির সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য পেশ করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক ২৩৯ (দুশত উনচল্লিশ) জন কর্মচারীকে এবং ২৬জন কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়।		
৫.	অনিষ্পন্ন বিষয়াদি	উপসচিব (প্রশাসন) জানান যে, নির্ধারিত ছকে শুধুমাত্র বার্ড, কুমিল্লা হতে অনিষ্পন্ন পত্রের তথ্য পাওয়া গিয়েছে। অন্য সংস্থা/দপ্তরসমূহ হতে নির্ধারিত ছকে যথাযথভাবে তথ্য না পাওয়ায় তথ্য বিশ্লেষনে জটিলতা দেখা দিচ্ছে। মহাপরিচালক, বার্ড-কে ধন্যবাদ জানান এবং অনিষ্পন্ন বিষয়াদি যথাসময়ে নিষ্পন্নের বিষয়ে তৎপর থাকার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানকে অনুরোধ জানান। নিধারিত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদি/পেন্ডিং তালিকা **ক)** দপ্তর/সংস্থার নিকট এ বিভাগের পেন্ডিং বিষয়; **খ)** এ বিভাগের নিকট দপ্তর/সংস্থার পেন্ডিং বিষয় **গ)** নিজ দপ্তরে বিভাগ/সংস্থার পেন্ডিং বিষয় প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অনুবিভাগ/অধিশাখা ও আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে।	দপ্তর/সংস্থার প্রধানগণ এবং এ বিভাগের সকল শাখা/ অধিশাখার কর্মকর্তাগণ নির্ধারিত ছক অনুযায়ী পেন্ডিং তালিকা প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে এ বিভাগে প্রেরণ করবেন।	সকল দপ্তর/সংস্থা এবং এ বিভাগ, প্রশাসন শাখা-১

গত মাসের মোট পেন্ডিং বিষয়	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত বিষয়	বিবেচ্য মাসে আগত	পেন্ডিং তালিকা		
			০১ মাসের অধিক	০৩ মাসের অধিক	০১ বছরের অধিক
১	২	৩	৪	৫	৬
-	-	-	-	-	-

২৭৭

ক্রঃ নং	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬.	এপিএ/ জিআরএস/ এনআইএস /সিটিজেন চার্টার সংক্রান্ত	এপিএ/এনআইএস/জিআরএস-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রতিবেদনসমূহ সমন্বয়পূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটি ও জাতীয় শুদ্ধাচার কৌশলের দপ্তর/সংস্থার প্রতিবেদনের উপর ফিডব্যাক সভায় অনুমোদন গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগে আগামী ১৫/১০/২০২১ তারিখের মধ্যে ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। সিটিজেন চার্টার হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। উপসচিব (প্রশাসন ও সমবায়) সভাকে অবহিত করেন যে, সিটিজেন চার্টার হালনাগাদ করণের বিষয়ে একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সিটিজেন চার্টার এবং তথ্য বাতায়ন হালনাগাদ বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদিত হলে আগামী ১৫ অক্টোবর, ২০২১ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সভাপতি নির্দেশনা দেন যে, আগামী সভার পূবে সিটিজেন চাটার ওয়েবসাইটে/বোর্ডে হালনাগাদ নিশ্চিত করতে হবে এবং পুরাতন সিটিজেন চার্টার সরিয়ে ফেলতে হবে।	ক) মন্ত্রণালয়ের নির্ধারিত ফোকাল পয়েন্টের সাথে যোগাযোগ পূর্বক এপিএ/জিআরএস এবং এনআইএস/সিটিজেন চার্টার সংক্রান্ত ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত বিষয়াদি গুরুত্বের সঙ্গে দেখতে হবে এবং তা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। খ) এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সিটিজেন চার্টার হালনাগাদ পূর্বক ওয়েব সাইটে/বোর্ডে স্থাপনের বিষয়টি নিশ্চিত করবেন।	ক) সংশ্লিষ্ট কমিটি, এপিএ শাখা, এ বিভাগ এবং সক দপ্তর/সংস্থা খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এ বিভাগ
৭.	বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি:-এর ঋণ গ্রহিতাদের নিকট থেকে ঋণ আদায়	বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ (বাজামসস) সমিতির পক্ষ হতে ঋণ খেলাপীদের বিরুদ্ধে ১৪০ টি সার্টিফিকেট মামলা দায়ের করা হয়েছে এর মধ্যে ০৩ টি মামলার রিট হয়েছে এবং ৪০ টি ফৌজদারী মামলা দায়ের হয়েছে। দায়েরকৃত মামলা সমূহের মনিটরিং বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর কর্তৃপক্ষ কর্তৃক চলমান রয়েছে। তাছাড়া বাজামসস লিঃ এর ঋণ আদায়কারী কর্তৃক ঋণ আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সার্টিফিকেট মামলা দায়ের করার ফলে পূর্বের তুলনায় আদায় বৃদ্ধি পেয়েছে। ০৮ টি সার্টিফিকেট মামলার শুনানি হয়েছে। সার্টিফিকেট মামলা বাবদ ২,৭৬,৯৯৭/- টাকা খরচ হয়েছে। ঋণ আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের শতকরা হার ৩.৬০%। মহাপরিচালক, সমবায় অধিদপ্তর সভাকে জানান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আগষ্ট/২০২১খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ৭(ক) নং সিদ্ধান্ত অনুযায়ী জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের বিস্তারিত তথ্যসহ ঋণ অবলোপন (write off) বা মওকুফের প্রস্তাব জরুরি ভিত্তিতে এ দপ্তরে প্রেরণের জন্য স্মারক নং- ১৬২, তারিখ ০৫/১০/২০২১খ্রিঃ মূলে সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ কে পত্র দেয়া হয়েছে। তদানুযায়ী চাহিত তথ্য পাওয়ার পর পরবর্তী গৃহীত পদক্ষেপ অবহিত করা হবে। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন সংগ্রহ এবং সমবায় অধিদপ্তর কর্তৃক প্রস্তাব এ বিভাগে দাখিলের নির্দেশনা দেন।	দ্রুততম সময়ের মধ্যে সমবায় অধিদপ্তর কর্তৃক ঋণ সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং ঋণ অবলোপন (Write Off) বা মওকুফের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং এ বিভাগের সমবায়, প্রশাসন শাখা
৮.	Integrated Digital Service Delivery Platform System সংক্রান্ত	সিস্টেম এনালিস্ট, এ বিভাগ সভাকে জানান যে, ২৫/০৯/২০২১ তারিখ SRS বিষয়কও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৯/০৯/২০২১ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম সিস্টেম বাস্তবায়নের সার্বিক অগ্রগতি এবং BARD ERP বাস্তবায়ন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। আগামী ০৮/১০/২০২১ তারিখে এ বিষয়ে আরো একটি কর্মশালা অনুষ্ঠিত হবে। সভাপতি নির্দেশনা দেন যে, Integrated Digital Service Delivery Platform System এ মামলার ডাটাবেইজ কম্পোনেন্ট হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।	Integrated Digital Service Delivery Platform System এর বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সিস্টেম এনালিস্ট, এ বিভাগ
৯.	ই-ফাইলিং	সিস্টেম এনালিস্ট, এ বিভাগ সভাকে জানান যে, ই-নথিতে ডাক, নথি উপস্থাপন, পত্র জারী করা হচ্ছে। তবে বেশ কিছুদিন যাবৎ অফিস সময়ে সার্ভারের সমস্যার কারণে বিঘ্ন ঘটছে। ইতোমধ্যে এ বিষয়ে এটুআই-কে অবহিত করা হয়েছে। এটুআই কর্তৃপক্ষ জানিয়েছেন মন্ত্রণালয় ভিত্তিক পৃথক পৃথক সার্ভার মাইগ্রেশনের কাজ চলমান। সমবায় ব্যাংক অদ্যবধি ই-নথি চালুর বিষয়ে এ বিভাগে কোন পত্র প্রেরণ করেনি। মিল্ক ভিটা স্বল্প পরিসরে ই-নথির ব্যবহার করছে। তবে ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করা প্রয়োজন। ই-ফাইলিং বিষয়ে নিয়মিত ট্রেনিং/প্রশিক্ষণ হতে হবে এবং ই-ফাইলিং কার্যক্রম জোরদারকরণে নিম্নোক্ত মনিটরিং কমিটি গঠনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন: ক) উপসচিব (প্রশাসন) এবং খ) সিস্টেম এনালিস্ট	ক) ই-ফাইলিং এ নথি নিষ্পত্তির হার বাড়াতে হবে এবং অনিবার্য কারণ ব্যতীত সকল পত্র ও নথি ই-ফাইলিং-এর মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। খ) সমবায় ব্যাংক, মিল্ক ভিটাসহ সকল দপ্তর/সংস্থাকে ই-ফাইলের আওতায় আনতে হবে। গ) মনিটরিং কমিটি নিয়মিত ই-ফাইলিং কার্যক্রম তদারকি করবেন।	অনুবিভাগ প্রধান (সকল), উপসচিব (প্রশাসন) এবং সিস্টেম এনালিস্ট, এ বিভাগ

১২৭৬

বিবিধঃ

ক্রঃ নং	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকা
১০.	প্রশিক্ষণ	উপসচিব (প্রশাসন) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, জিআরএস সফটওয়্যার এবং তথ্য অধিকার বিষয়ক ০৪টি প্রশিক্ষণ এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণের সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া পরবর্তী প্রশিক্ষণ আয়োজনের জন্য বাৎসরিক ক্যালেন্ডার প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। GRS System বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন মর্মে সরাসরি BARD থেকে অনুরোধ জানানো হয়েছে। সভাপতি নির্দেশনা দেন যে, sensetise করার জন্য অনলাইনে GRS প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। দ্রুততম সময়ের মধ্যে প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছে।	**ক)** এপিএ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা পূরণে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং পিপিএ/পিপিআরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার এবং লার্নিং সেশন আয়োজন করতে হবে। **খ)** দ্রুততম সময়ের মধ্যে GRS প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন শাখা
১১.	মাসিক সমন্বয় ও এডিপি পর্যালোচনা সভার প্রতিবেদন	উপসচিব (প্রশাসন) সভাকে জানান যে, এ বিভাগের বিভিন্ন শাখা এবং দপ্তর/সংস্থা হতে প্রতিবেদন পাওয়ার পর সমন্বয় সভার কার্যপত্র প্রস্তুত করা হয়ে থাকে। সভাপতি, নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রতিবেদন এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য দপ্তর/সংস্থাপ্রধান ও শাখা/অনুবিভাগ-কে যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে সবিনয় অনুরোধ জানান।	প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যে সমন্বয় সভায় সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল দপ্তর/সং এবং এ বিভাগ অনুবিভাগ/ অধিশাখা

এ পর্যায়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রমকে আর ও গতিশীল করার জন্য উপস্থিত সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/১১/২০২১

(মোঃ মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ